



শ্রেণিঃ ষষ্ঠ

বিষয়ঃ বাংলা ১ম পত্র ( আনন্দপাঠ )

শিরোনামঃ জাদুকর

অনুধাবনমূলক প্রশ্নোত্তর:

- ১। 'এ্যাঁই কে হাসে মুখ সেলাই করে দেব'- ধীরেন স্যার এই উক্তিটি কেন করেছিলেন?
- ২। বাবলু শার্টের লম্বা হাতায় ঘন ঘন হাত মুছতে থাকে কেন?
- ৩। বাসায় ফিরতে বাবলুর ভয় হল কেন?
- ৪। বাবলু কেন জাম গাছের নিচে সারা জীবন কাটিয়ে দিতে চাইল?

সৃজনশীল প্রশ্নোত্তর:

- ১। বার্ষিক পরীক্ষায় সাবু তিন বিষয়ে ফেল করে। স্কুল থেকে বাড়ি ফিরে গেলে তার মা তাকে খুব বকা বকা করে। মায়ের উপর রাগ করে কাউকে কিছু না বলে সে কমলাপুর থেকে ট্রেনে চড়ে চট্টগ্রাম চলে যায়। সেখানে একটি হোটেলে বয়-এর কাজ নেয় পেটভাতায়। কয়েকদিন অমানুষিক পরিশ্রমের পর সাবু বুঝতে পারে এর চেয়ে মন দিয়ে পড়াশুনা করা অনেক ভালো ও সহজ কাজ। তারপর সে বাড়ি ফিরে আসে। বাড়ি ফিরে এলে মা পরম যত্নে ছেলেকে বুকে টেনে নেন।
- ক) ধীরেন স্যার বাবলুকে বেঞ্চের উপর কতক্ষণ দাঁড়াতে বলেছিলেন?
- খ) বাবলু বাড়ি না গিয়ে স্কুলের বারান্দায় মুখ কালো করে বসে রইল কেন?
- গ) উদ্দীপকে সাবুর হোটেল বয় হওয়া 'জাদুকর' গল্পের বাবলুর কোন পরিকল্পনার সাথে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর।
- ঘ) 'বাবলু উক্ত পরিকল্পনা করলেও সে উদ্দীপকের সাবু নয়'- বক্তব্যটি মূল্যায়ন কর।



শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলা প্রথমপত্র

## জ্ঞানমূলক প্রশ্ন:

১. দোকানের মালিক কত দিন পরে ফিরে এসেছিলেন?
২. 'ইত্যবসরে' শব্দের অর্থ কী?
৩. তাঁতি কাকে দোকানের ভার দিয়ে জরুরি কাজে বাড়ি গিয়েছিলেন?
৪. মাসিক বন্দোবস্ত করে তাঁতি কোথায় গেলেন?
৫. 'অগত্যা' শব্দের অর্থ কী?
৬. করিম কার নামে দোকান চালাতে লাগল?
৭. তীর্থ শব্দের অর্থ কী?
৮. 'মানবজীবন' কার লেখা?
৯. বৃদ্ধ তাঁতি করিমকে কার সাথে তুলনা করেছিলেন?
১০. তাঁতির ঋণের টাকা কে শোধ করলো?
১১. ড: মোহাম্মদ লুৎফর রহমান কেমন প্রাবন্ধিক ছিলেন?
১২. 'বালকের সতত' গল্পে কোন বিষয়টি তুলে ধরা হয়েছে?
১৩. 'বালকের সততা' গল্পের প্রধান চরিত্র কে?
১৪. তাঁতি করিম বকশ কে কতক্ষণের জন্য রেখে গিয়েছিলেন?
১৫. করিম একটি দোকানের পরিবর্তে কয়টি দোকান স্থাপন করেছিল?

## অনুধাবন প্রশ্ন:

- ক) 'সততাই মানব চরিত্রের শ্রেষ্ঠ গুণ'- ব্যাখ্যা কর।
- খ) করিমকে বৃদ্ধ ফেরেশতার সাথে তুলনা করেছিলেন কেন?
- গ) তাঁতি পিরে না আসার কারণ ব্যাখ্যা কর।

## সৃজনশীল প্রশ্ন:

১. গার্মেন্টস শ্রমিক রহিম ও মারুফ দুই বন্ধু। একবার ঈদের আগে মালিক বেতন দিতে না পারায় সব শ্রমিকেরা খুব খেপে গেল। শ্রমিকেরা গার্মেন্টস ভাঙার সিদ্ধান্ত নিল। মারুফ ও সেই দলে যোগ দিল। কিন্তু রহিম সবার উদ্দেশ্যে বললেন, এই গার্মেন্টসে সবাই আমরা কাজ করি, আমাদের এটি ভাঙা ঠিক হবে না। মালিক যাই করুক না কেন আমাদের অন্যায় করা থেকে বিরত থাকতে হবে। আলোচনার মাধ্যমে আমরা অধিকার আদায় করবো কিন্তু সহিংসতার পথ বেছে নিব না।
  - ক) 'বালকের সততা' গল্পটি কে লিখেছেন?
  - খ) এর বেশি কিছু আমি আশা করিনি কে, কেন বলেছেন?
  - গ) উদ্দিপকের দুই বন্ধুর মধ্যে কার সাথে করিম বকশ এর মিল আছে? যুক্তি দিয়ে বোঝাও।
  - ঘ) 'বালকের সততা' গল্পে করিম বকশ এর সততা তাঁতি কিভাবে মূল্যায়ন করেছেন?
২. আলম একজন বেসরকারি চাকুরিজীবী। কাজের মেয়ে সাবিনার ওপর দায়িত্ব দিয়ে তিনি অফিসে যান। সাবিনা একদিন লোভের বশবর্তী হয়ে বেশ কিছু টাকা ও স্বর্ণালংকার নিয়ে পালিয়ে যায়। কিন্তু কিছুদিন পরে সাবিনা তার ভুল বুঝতে পেরে গৃহকর্ত্রীর কাছে এসে ক্ষমা চায় এবং মালামাল ফিরিয়ে দেয়। সাবিনা তার অপরাধের জন্য অনুশোচনা করে।

কাজী শামসাদ শিখা

তখন আলম তাকে বুঝিয়ে বলেন, চরিত্র মানবজীবনের এক অমূল্য সম্পদ , আর সততা হলো চরিত্রের সর্বশ্রেষ্ঠ উপাদান ।

- ক) করিম নতুন দোকানগুলো কার নামে চালাতে লাগলো?  
 খ) 'তুমি মানুষ না, ফেরেশতা' তাঁতি এই কথা কেন বলেছে?  
 গ) উদ্দীপকের সাবিনার সাথে 'বালকের সততা' গল্পের করিমের বৈসাদৃশ্য নিরূপণ কর ।  
 ঘ) 'সততা হলো চরিত্রের সর্বশ্রেষ্ঠ উপাদান' - "বালকের সততা" গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর ।

## অমর একুশে

আমার ভাইয়ের রক্তে রাঙানো,  
 একুশে ফেব্রুয়ারি,  
 আমি কি ভুলিতে পারি?  
 ছেলেহারা শত মায়ের অশ্রু গড়া এ ফেব্রুয়ারি ।

- ক. ২২ শে ফেব্রুয়ারি কারা শহিদ হয়েছিলেন? ১  
 খ. সরকার অচল হয়ে পড়ে কেন? ২  
 গ. উদ্দীপকে যে ভাইদের কথা বলা হয়েছে অমর একুশে প্রবন্ধও তাদের নিয়ে লেখা বর্ণনা দাও । ৩  
 ঘ. "আমরা তাদের ভুলব না"-কেন ও কাদের কথা বলা হয়েছে? উদ্দীপক ও গল্পের আলোকে আলোচনা কর । ৪

১. মাগো ,ওরা বলে  
 সবার কথা কেড়ে নেবে ।  
 তোমার কোলে শুয়ে  
 গল্প শুনতে দেবে না ।  
 বলো , মা  
 তাই কি হয়?

- ক) মেডিকেল কলেজ হোস্টেলের সামনে দ্বিতীয় দফা গুলিতে কে শহিদ হয়েছিল? ১  
 খ) সরকার বস্ত্রতপক্ষে অচল হয়ে পড়ে-কেন? ২  
 গ) উদ্দীপকের 'ওরা' দ্বারা 'অমর একুশে' প্রবন্ধের কাদের প্রতি ইঙ্গিত করা হয়েছে-বর্ণনা কর । ৩

উদ্দীপকের সন্তানের আকৃতিতে 'অমর একুশে' প্রবন্ধের ছাত্রসমাজের সংগ্রামী চেতনাই রূপায়িত হয়েছে- উক্তিটি যথার্থতা প্রমাণ কর । ৪